

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৬

১/ পবিত্ৰতা অৰ্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭৪. মৃত প্রাণী স্পর্শ করলে অযু না করা প্রসঙ্গে

باب تَرْكِ الْوُضُوءِ مِنْ مَسِّ الْمَيْتَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ، حَدَّثَنَا سُلَيْمَانُ، _ يَعْنِي ابْنَ بِلَالٍ _ عَنْ جَعْفَرٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَابِرٍ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مَرَّ بِالسُّوقِ دَاخِلاً مِنْ بَعْضِ الْعَالِيَةِ عَنْ جَابِرٍ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مَرَّ بِالسُّوقِ دَاخِلاً مِنْ بَعْضِ الْعَالِيَةِ وَالنَّاسُ كَنَفَتَيْهِ فَمَرَّ بِجَدْيٍ أَسَكَّ مَيِّتٍ فَتَنَاوَلَهُ فَأَخَذَ بِأُذُنِهِ ثُمَّ قَالَ " أَيُّكُمْ يُحِبُّ أَنَّ هَذَا لَهُ ". وَسَاقَ الْحَدِيثَ .

_ صحيح : م

বাংলা

১৮৬। জাবির (রাঃ) সূত্রে বর্ণিত। একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনার আশে পাশের উচ্চভূমিতে অবস্থিত একটি বাজারের পাশ দিয়ে অতিক্রম করছিলেন। তাঁর দু'পাশে অন্যান্য লোকও ছিল। পথ অতিক্রমকালে তিনি রাস্তার পাশে ক্ষুদ্র কান বিশিষ্ট একটি মৃত বকরীর বাচ্চা দেখতে পেয়ে সেটির কান ধরে উপরে উঠিয়ে বললেনঃ তোমাদের কেউ কি এটা নিতে পছন্দ করবে? তারপর সম্পূর্ণ হাদীস বর্ণনা করেন।[1]

সহীহ : মুসলিম।

English

Jabir narrated:

The Messenger of Allah () passed by the market when on his return from one of the villages of 'Aliyah. People accompanied him from both sides. One the way he found a dead kid with both its ears joined together. He caught hold of it by its ear. He then said: Which of you likes to take it? The narrator transmitted the tradition in full.



ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ যুহদ), আহমাদ (৩/৩৬৫), বুখারী 'আদাবুল মুফরাদ' (হাঃ ৯৬২), সকলেই জা'ফর ইবনু মুহাম্মাদ ইবনু আলা থেকে তার পিতার সূত্রে।

হাদীস থেকে শিক্ষাঃ

- ১। মৃত প্রাণী স্পর্শ করা জায়িয় এবং তা স্পর্শের পর হাত ধোয়া জরুরী নয়।
- ২। দুনিয়ার জীবন তুচ্ছ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন